# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়,
# ঢাকা

## সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ৮ জুন ২০১৬, ২৫ জ্যৈষ্ঠ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। এসপির স্ত্রী হত্যায় দায়ীদের খুঁজে বের করা হবে : প্রধানমন্ত্রী
২। সৌদি আরব সফর শেষে দেশে ফিরলেন প্রধানমন্ত্রী
আজ প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেলন
৩। জাতীয় সংসদে ২০ হাজার কোটি টাকার সম্পূরক বাজেট পাস
৪। সরকারি হাসপাতালে আধুনিক প্রযুক্তিতে বর্জ্য ব্যবস্থাপনা : স্বাস্থ্যমন্ত্রী
৫। অস্বাভাবিকভাবে পণ্যের মূল্য বৃদ্ধির খবর সঠিক নয় : বাণিজ্যমন্ত্রী
৬। গোপন সংগঠনগুলো রাষ্ট্রের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে : তথ্যমন্ত্রী
৭। আগামী ৪ আগস্ট থেকে হজ ফ্লাইট শুরু
৮। ২০টি ওষুধ কোম্পানিকে উৎপাদন বন্ধের নির্দেশ হাইকোর্টের
৯। ঝিনাইদহে গলা কেটে এক বৃদ্ধ পুরোহিত হত্যা
১০। রাজধানীর মৌচাক মার্কেট বন্ধের আদেশ স্থগিত

চলমান পাতা-২

১। **এসপির স্ত্রী হত্যায় দায়ীদের খুঁজে বের করা হবে : প্রধানমন্ত্রী**

চট্টগ্রামে পুলিশ কর্মকর্তার স্ত্রী হত্যাকাণ্ডকে কাপুরুষোচিত আখ্যায়িত করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই গুপ্ত হত্যায় জড়িতদের বিচারের মুখোমুখি করার অঙ্গীকার ব্যক্ত করেছেন। তিনি বলেন, যারা এই হত্যার সঙ্গে জড়িত ছিল তাদের কাউকে ছাড়া হবে না। তাদেরকে খুঁজে বের করে বিচারের মুখোমুখি করানো হবে। প্রধানমন্ত্রী গত ৬ জুন সোমবার মদিনা হিলটন হোটেলে মদিনা প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে মতবিনিময়কালে এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১)। **জনকণ্ঠ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। **সৌদি আরব সফর শেষে দেশে ফিরলেন প্রধানমন্ত্রী**
**আজ প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেলন**

সৌদি আরবের সঙ্গে বাংলাদেশের দ্বিপাক্ষিক সম্পর্কের যুগান্তকারী অগ্রগতি সাধন করে পাঁচ দিনের সফর শেষে মদিনা থেকে ঢাকায় ফিরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ৭ জুন মঙ্গলবার প্রধানমন্ত্রী ও তার সফরসঙ্গীরা বাংলাদেশ বিমানের একটি বিশেষ ফ্লাইটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান। এর আগে মদিনার প্রিন্স মোহাম্মদ বিন আবদুল আজিজ বিমানবন্দর ত্যাগ করার সময় মদিনার ডেপুটি গভর্নর আবদুল মহসিন আল মুনেফ, সৌদি আরবে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত গোলাম মসিহ এবং জেদ্দায় বাংলাদেশের কনসাল জেনারেল এ কে এম শহীদুল করিম বিমানবন্দরে তাকে বিদায় জানান।

সৌদি আরব থেকে ফেরার একদিন পরই সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ ৮ জুন বুধবার দুপুরে গণভবনে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে। গতকাল ৭ জুন মঙ্গলবার প্রধানমন্ত্রীর উপ-প্রেসসচিব আশরাফুল আলম এ তথ্য জানান সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**ইত্তেফাক**, **ভোরের কাগজ**, **অবজারভার** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৩। **জাতীয় সংসদে ২০ হাজার কোটি টাকার সম্পূরক বাজেট পাস**

চলতি ২০১৫-১৬ অর্থবছরের জন্য ১৯ হাজার ৮০৩ কোটি ৬২ লাখ ৮৮ হাজার টাকার সম্পূরক বাজেট গতকাল ৭ জুন মঙ্গলবার জাতীয় সংসদে পাস হয়েছে। এই অর্থবছরে যেসব মন্ত্রণালয়-বিভাগ বেশি খরচ করেছে, সম্পূরক বাজেট পাস হওয়ায় অতিরিক্ত সেসব ব্যয় অনুমোদন পেল। আগামী ৩০ জুন সমাপ্য চলতি অর্থবছরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল থেকে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত সংসদে নির্দিষ্টকরণ (সম্পূরক) বিল-২০১৬ উত্থাপন করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬)।

৪। **সরকারি হাসপাতালে আধুনিক প্রযুক্তিতে বর্জ্য ব্যবস্থাপনা : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, সরকারি হাসপাতালে সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনা ও পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে। সরকারি হাসপাতালগুলোতে আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করতে আমরা বদ্ধপরিকর। যারা ইতোপূর্বে প্রশিক্ষণ লাভ করেছেন তাদের যথাযথভাবে কাজে লাগানোর ওপরও তিনি গুরুত্বারোপ করেন। গতকাল ৭ জুন মঙ্গলবার সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে এক মতবিনিময় সভায় সভাপতিত্বকালে তিনি এ গুরুত্বারোপ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **যুগান্তর** (পৃ.২,ক.৫)।

৫। **অস্বাভাবিকভাবে পণ্যের মূল্য বৃদ্ধির খবর সঠিক নয় : বাণিজ্যমন্ত্রী**

পণ্যের মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধির খবর সঠিক নয় বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। গতকাল ৭ জুন মঙ্গলবার জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে তিনি একথা বলেন। বাণিজ্যমন্ত্রী জানান, মুক্তবাজার অর্থনীতিতে পণ্যের মূল্য বাজার কর্তৃক নির্ধারিত হয় এবং তা চাহিদা ও সরবরাহের ওপর নির্ভরশীল। তিনি আরও জানান, রমজান উপলক্ষে কিছু পণ্যের অতিরিক্ত চাহিদা সৃষ্টি হলেও সরবরাহ স্বাভাবিক রয়েছে। তবে কিছু পণ্য আমদানি নির্ভর হওয়ায় আন্তর্জাতিক বাজারে সংশ্লিষ্ট পণ্যের মূল্যের হ্রাসবৃদ্ধির কারণে দেশীয় বাজারে তার প্রভাব

পড়েছিল। মন্ত্রী জানান, দেশীয় বাজারে পণ্যের মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়েছে, এটা সঠিক নয়। ব্যবসায়ীদের সঙ্গে বিভিন্ন সময়ে সভা করা হয় এবং তারা নিত্যপ্রয়োজনীয় পণ্যের সরবরাহ ও মূল্য পরিস্থিতি অনুকূলে থাকবে বলে আশ্বস্ত করেছেন। সূত্র-**জনকণ্ঠ (পৃ.২,ক.১), ইত্তেফাক** (পৃ.৩,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.৪,ক.৫)।



**৬। গোপন সংগঠনগুলো রাষ্ট্রের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, গোপন সংগঠনগুলো রাষ্ট্রের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে। নরম লক্ষ্যবস্তুতে হামলা চালিয়ে তারা বোঝাতে চেষ্টা করছে যে বাংলাদেশে সরকার পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে পারছে না। বাংলাদেশে সম্প্রতি একের পর এক হত্যাকাণ্ডের ঘটনা কেন থামানো যাচ্ছে না বিবিসি বাংলার এক প্রশ্নের উত্তরে তথ্যমন্ত্রী বলেন, পৃথিবীতে গুপ্তহত্যা ঠেকানো অত্যন্ত দুরুহ একটি কাজ। তবে তিনি বলেছেন, সরকার একটি দিক থেকে সফল হয়েছে যে সরকারের বড় বড় স্থাপনা ও জনপথগুলোতে তারা আর আক্রমণ করতে পারছে না। তাদের ক্ষমতা কমে গেছে। এ পরিকল্পিত গুপ্তহত্যার মধ্য দিয়ে এ মুহূর্তে ভীতি সঞ্চার করা ও পরিস্থিতি অস্থিতিশীল করার চেষ্টা চালানো হচ্ছে বলে অভিমত ব্যক্ত করেন তথ্যমন্ত্রী। সূত্র-**যুগান্তর (পৃ.৩,ক.১), ইনকিলাব (পৃ.১,ক.৫), যায়যায়দিন (পৃ.২,ক.৫)**।

**৭। আগামী ৪ আগস্ট থেকে হজ ফ্লাইট শুরু**

বাংলাদেশের হজযাত্রীদের নিয়ে এবার ঢাকা থেকে প্রথম হজ ফ্লাইটটি আগামী ৪ আগস্ট জেদ্দার উদ্দেশে ছেড়ে যাবে। এ বছর বাংলাদেশ থেকে **১** লাখ **১** হাজার ৭৫৮ জন হজে যাবেন। বিমান বাংলাদেশ এয়ারলাইনস ও সৌদি এয়ারলাইনস যৌথভাবে এসব হজযাত্রী পরিবহণ করবে। গতকাল ৭ জুন মঙ্গলবার সচিবালয়ে আন্তঃমন্ত্রণালয় সভা শেষে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন এসব কথা জানান। এ সময় ধর্মমন্ত্রী মতিউর রহমান উপস্থিত ছিলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**৮। ২০ ওষুধ কোম্পানিকে উৎপাদন বন্ধের নির্দেশ হাইকোর্টের**

মানসম্পন্ন ওষুধ উৎপাদনে চূড়ান্তভাবে ব্যর্থ হওয়ার কারণে ২০টি ওষুধ কোম্পানিকে ওষুধ উৎপাদন বন্ধের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। একই সঙ্গে ১৪টি অ্যান্টিবায়োটিক বন্ধের নির্দেশও এসেছে আদালত থেকে। কোম্পানিগুলোর ওষুধ উৎপাদন বন্ধে স্বাস্থ্য সচিব যে ব্যবস্থা নেবেন, তা বাস্তবায়নে পুলিশের আইজি ও র‍্যাবের মহাপরিচালককে আইনী সহায়তা দিতেও বলা হয়েছে আদলতের নির্দেশনায়। একইসঙ্গে এসব কোম্পানির লাইসেন্স বাতিলে কেন প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে না-তা জানতে চেয়ে রুল জারি করা হয়েছে। আদালতের এই আদেশ আগামী সাতদিনের মধ্যে বাস্তবায়ন করার জন্য বলা হয়েছে যথাযথ কর্তৃপক্ষকে। বিচারপতি সৈয়দ মোহাম্মদ দস্তগীর হোসেন ও বিচারপতি একে সাহিদুল হকের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। সূত্র-**জনকণ্ঠ (পৃ.১,ক.৪), সংবাদ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৭) **বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৯। ঝিনাইদহে গলা কেটে এক বৃদ্ধ পুরোহিত হত্যা**

ঝিনাইদহে এক বৃদ্ধ পুরোহিতকে প্রকাশ্যে কুপিয়ে ও জবাই করে হত্যা করা হয়েছে। গতকাল ৭ জুন মঙ্গলবার সদর উপজেলার সোনাইখালী গ্রামের মহিষের ভাগাড় মাঠে এ ঘটনা ঘটে। নিহত পুরোহিতের নাম আনন্দ গোপাল গাঙ্গুলী (৭০)। হত্যার আলামত দেখে মনে হচ্ছে, এই হত্যা উগ্র জঙ্গিদের কাজ। অন্যান্য হত্যাকাণ্ডের মতো একই কায়দায় তাকেও হত্যা করা হয়েছে। পুলিশের খুলনা রেঞ্জের ডিআইজি এসএম মনিরুজ্জামান, ঝিনাইদহ জেলা প্রশাসক ও ইউএনও সহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা ঘটনাস্থল পরিদর্শন করেছেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **প্রথম আলো, ইত্তেফাক, যুগান্তর, ডেইলি স্টার, ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট, অবজারভার**সহ অধিকাংশ দৈনিক পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১০। রাজধানীর মৌচাক মার্কেট বন্ধের আদেশ স্থগিত**

রাজধানীর মালিবাগের মৌচাক মার্কেটের দোকানপাট বন্ধে হাইকোর্টের দেওয়া আদেশ ছয় সপ্তাহের জন্য স্থগিত করেছেন আপীল বিভাগ। ফলে এ মার্কেটের দোকান মালিকরা আরও দেড় মাস ব্যবসা পরিচালনা করতে

পারবেন। তবে আদালত বলেছেন, মার্কেটে দুর্ঘটনার ফলে কোনো ক্ষয়ক্ষতি হলে এর দায় দোকান মালিকদের বহন করতে হবে। হাইকোর্টের আদেশ স্থগিত চেয়ে মৌচাক মার্কেট বণিক সমিতির পক্ষে করা এক আবেদনের প্রেক্ষিতে গতকাল ৭ জুন মঙ্গলবার আপীল বিভাগের চেম্বার বিচারপতি মির্জা হোসেইন হায়দার এ আদেশ দেন। সূত্র-**জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬), সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮)।

**=৪=**

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো :** রাষ্ট্রের নিরাপত্তা সংশ্লিষ্ট ও অন্য দেশের সঙ্গে বন্ধুত্বসুলভ সম্পর্ক ক্ষুণ্ন হওয়ার আশংকা রয়েছে এমন তথ্য ছাড়া যেকোনো তথ্য আবেদনকারীদের সরবরাহ করা বাধ্যতামূলক হলেও সরকারি অফিসগুলোতে তথ্য দিতে অনীহা লক্ষ্য করার কথা উল্লেখ করে এ ব্যাপারে আইনানুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নিতে তথ্য কমিশনের প্রতি সুপারিশ।

খ. **ইত্তেফাক :** সমুদ্র পরিবহণ অধিদপ্তরের হিসাবমতে, সাড়ে ১৩ বৎসরে পাঁচ হাজার মানুষ নৌ দুর্ঘটনায় মারা যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে নৌ দুর্ঘটনা প্রতিরোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **জনকণ্ঠ, ডেইলি সান :** সহিংসতা, প্রাণহানি, বিশৃঙ্খলা, জাল ভোট দেয়াসহ নানা অভিযোগের মধ্য দিয়ে ইউনিয়ন পরিষদ নির্বাচন শেষ হওয়ার কথা উল্লেখ করে এসব সহিংসতা ও প্রাণহানির জন্য দায়ীদের আইনের আওতায় আনার দাবি।

ঘ. **সংবাদ, যায়যায়দিন :** ঝিনাইদহে এক মন্দিরের পুরোহিতকে গলা কেটে হত্যা করায় উদ্বেগ প্রকাশ করে এ ধরনের একের পর এক হত্যাকাণ্ড রোধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে কঠোর ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **যুগান্তর, সমকাল, যায়যায়দিন, ইনকিলাব, ইন্ডিপেনডেন্ট :** সৌদি আরবের শ্রমমন্ত্রী পাঁচ লাখ কর্মী বাংলাদেশ থেকে নেওয়ার কথা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সৌদি আরব সফরকালে জানানোয় স্বাগত জানিয়ে তা যথাযথভাবে বাস্তবায়িত হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

চ. **ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, প্রথম আলো:** রমজানে পণ্য সামগ্রীর দাম নিয়ন্ত্রণে নিয়মিত বাজার তদারকি ও অভিযান পরিচালনার বিষয়টি গুরুত্ব সহকারে করার প্রত্যাশা।

ছ. **ডেইলি সান :** ঝুঁকিপূর্ণ বিবেচনায় মৌচাক মার্কেট বন্ধে হাইকোর্টের নির্দেশনার প্রসঙ্গ তুলে ধরে সারা দেশে রাজউক কর্তৃক বিবেচিত এ ধরনের ৭০ হাজার ঝুঁকিপূর্ণ ভবনগুলোতে রানা প্লাজার মতো ঘটনা ঘটার পূর্বেই কর্তৃপক্ষকে যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান।

জ. **নিউজ টুডে :** ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে অনিয়ম-লুটপাটের বিষয়কে সংসদে অর্থমন্ত্রী সাগর চুরির সাথে তুলনা করে যে অভিমত প্রকাশ করেছেন সেই প্রসঙ্গ তুলে ধরে সরকারকে দ্রুত প্রস্তাবিত ব্যাংক কমিশন গঠন করার সুপারিশ।

ঝ. **নিউ নেশন :** রমজানে নিরবচ্ছিন্ন বিদুৎ সরবরাহ নিশ্চিত করার প্রত্যাশা।

ঞ. **নিউ এজ :** গ্রামাঞ্চলের এক কোটি তিন লাখ প্রাথমিক শিক্ষার্থী বিগত প্রায় এক বছর যাবৎ শিক্ষা বৃত্তি না পাওয়ায় প্রাইমারি এডুকেশন স্টাইপেন্ড প্রজেক্টকে এ ব্যাপারে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ট. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** সামাজিক বনায়ন কার্যক্রমে স্থানীয় পর্যায়ের জনগণকে সম্পৃক্ত করে বনজ সম্পদ সুরক্ষায় তাদের আরও সচেতন করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে ঋণ খেলাপিদের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'রোজার গুরুত্ব ও তাৎপর্য' শিরোনামের নিবন্ধে** অধ্যাপক মুহাম্মদ মতিউর রহমান রমযান মাসে দান-খয়রাত, সদকা প্রদান, ইফতারি বিতরণ, রোজাদারদের আপ্যায়ন ইত্যাদির মাধ্যমে ধনী-দরিদ্রের ব্যবধান অনেকাংশে মোচন হয়, পারস্পরিক ভ্রাতৃত্ব, মমত্ব, সহমর্মিতা ও সহানুভূতি বৃদ্ধি পেয়ে সমাজে শান্তির অনাবিল আনন্দময় পরিবেশ সৃষ্টি হয় বলে অভিমত প্রকাশ করেছেন।

#

**ফারহানা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা**